দৈনিক জনকণ্ঠ

তারিখ 5 JAN 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৭

# কলেজ জাতীয়করণে শিক্ষানীতি অনুসরণ দাবিতে মানববন্ধন

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** কলেজ জাতীয়করণে প্রধানমন্ত্রীর অনুশাসন ও জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী বিধিমালা প্রণয়নের দাবিতে যশোরের ৫টি সরকারী কলেজ ও শিক্ষাবোর্ডে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়েছে। বুধবার বেলা ১১টায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির উদ্যোগে যশোর সরকারী মাইকেল মধুসূদন (এমএম) কলেজ, সরকারী সিটি কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ, যশোর সরকারী কলেজ, যশোর মহিলা কলেজ ও যশোর শিক্ষাবোর্ডে কর্মরত শিক্ষকরা স্ব-স্ব ক্যাম্পাসে মানববন্ধন করেন।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি যশোর জেলা কমিটির সভাপতি সহযোগী অধ্যাপক সোলজার রহমান জানান, বেসরকারী কলেজ জাতীয়করণে প্রধানমন্ত্রীর অনুশাসন ও জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী বিধিমালা প্রণয়নের দাবিতে ৬টি সরকারী প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকরা মানববন্ধন কর্মসূচী পালন করেছে। যশোর সরকারী এমএম কলেজে মানববন্ধনে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মিজানুর রহমান। উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ শফিউল ইসলাম সরদার, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি যশোর জেলা শাখার সভাপতি সোলজার রহমান, এমএম কলেজ শাখার সাধারণ সম্পাদক এআইএম শরীফ হোসেন।